ইউনিয়নবাসীর কল্যাণে কাজ করে যাব—-মু. আলম হুসাইন

গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নে দ্বিতীয়বারের চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় মু. আলম হুসাইন কে সংবর্ধনা দিয়েছেন তার নিজ কর্মস্থল করমদী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীবৃন্দরা।

সোমবার দুপুরে করমদী মাধ্যমিক বিদ্যালয়ের সভাকক্ষে চেয়ারম্যান মু আলম হুসাইনকে, এ সংবর্ধনা প্রদান করা হয়।
বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আবু বক্কর সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সহকারী প্রধান শিক্ষক মিজানুর রহমান, সহকারী শিক্ষক শামিমা ইসলাম, আনজিরা খাতুন, নাজলিমা খাতুন, মিনকুল ইসলাম, কামরুন্নাহার, শওকত উসমান, আমিনুল ইসলাম, নিমছার আলী, বখতিয়ার রহমান, শামিমা খাতুন, আবুল কালাম আজাদ প্রমুখ।

বৈরি পরিস্থিতি সকল প্রকার ভয়ভীতি উপেক্ষা করে ভোট দিয়ে নির্বাচিত করাই ইউনিয়নবাসির প্রতি কৃতজ্ঞতা জানিয়ে মু আলম হুসাইন বলেন, আগামীতে ইউনিয়নবাসীর সুখে দুখে পাশে থেকে তাদের কল্যানে কাজ করে যাবে। তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে সতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে চশমা মার্কা প্রতীক নিয়ে নির্বাচনে অংশ নিয়েছিলেন মু. আলম হুসাইন।

উল্লেখ্য, তৃতীয় ধাপে অনুষ্ঠিত (২৮ নভেম্বর) ইউনিয়ন পরিষদ নির্বাচনে গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন পরিষদে দ্বিতীয়বারের মত চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন মু. আলম হুসাইন।

কালীগঞ্জে নবনির্বাচিত ইউপি

চেয়ারম্যান এর বিরুদ্ধে ঝাড়ু মিছিল

ঝিনাইদহের কালীগঞ্জে নব-নির্বাচিত এক চেয়ারম্যানের বিরুদ্ধে এলাকার মানুষ ঝাটা মিছিল ও বিক্ষোভ সমাবেশ করেছে। সোমবার বিকালে খামারমুন্দিয়া গাজেম আলী দাখিল মাদরাসার সামনে উপজেলার ৭নং রায়গ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন অপুর বিরুদ্ধে এই ঝাটা মিছিল ও বিক্ষোভ করেন তারা।

এর আগে তারা সেখানে শত শত গ্রামবাসির উপস্থিতিতে বিক্ষোভ সমাবেশে করে। এসময় উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক ইসরাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, মাসুদুর রহমান, যুবলীগ নেতা হাবিবুর রহমান, জাকির হোসেন ও সাবেক ইউপি চেয়ারম্যান জহুরুল ইসলামসহ অনেকে।

মারপিটের শিকার তুহিন রেজা জানান, রবিবার সন্ধ্যায় তৃত্বীয় ধাপে অনুষ্ঠিত ইউপি নির্বাচনে উপজেলার ৭ নং রায়গ্রাম ইউনিয়নের ১ নং ওয়ার্ডের পুরুষ মেম্বর পদে ভোটের ফলাফলে টিউবয়েল প্রতিকের প্রার্থী নজরুল ইসলাম ফেল করে। এতে সে ক্ষিপ্ত হয়ে লোকজন নিয়ে রাত ৭ টার দিকে বিজয়ী ফুটবল প্রতিকের প্রার্থী ইসমাইল হোসেনের কর্মীদের উপর হামলা চালায়। এ সময় আমি সহ আমাদের কয়েকজনকে মারধর ও দুইটি বোমার বিস্ফোরন ঘটায় তারা। এসময় অভিযোগ করা হয় চেয়ারম্যান অপু নিজে ঘটনাস্থলে উপস্থিত থেকে মারপিট ও বোমার বিস্ফোরণ ঘটায়।

ওইদিন রাতেই এলাকাবাসি এ ঘটনার প্রতিবাদে ঢাকা -খুলনা মহাসড়ক অবরোধ করে। খবর পেয়েই পুলিশ ও কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত সুষ্ট করে বিচারের আশ্বাস দিলে আধাঘন্টা পর এলাকাবাসী অবরোধ তুলে নেয়।

চেয়ারম্যান আলী হোসেন অপু জানান, ঘটনার সময় আমি সেখানে ছিলাম না। তবে আমার ছেলেরা একজনকে চড় মারাকে কেন্দ্র করে সেখানে উত্তেজনার সৃষ্টি হয়। সংবাদ পেয়ে আমি সেখানে উপস্থিত হয়ে পরিস্থিতি ঠান্ডা করে সবাইকে বাড়ি পাঠিয়ে দিই। এরপর রাতেই আমার প্রতিপক্ষের কয়েকজনের প্ররোচনায় তারা রাস্তা আটকে বিক্ষোভ করে। আজ আবার তারা সমাবেশ করেছে। এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র ছাড়া আর

কিছুই নয়।

এ বিষয়ে কালীগঞ্জ থানার ওসি মাহফুজুর রহমান মিয়া জানান, ভোট পরবর্তি হামলার ঘটনার সংবাদ পেয়েই তিনি ফোর্স নিয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করেন। তবে এখন পর্যন্ত কোন পক্ষই থানাতে কোন অভিযোগ দেয়নি বলে জানান তিনি।

মেহেরপুর বলিয়ারপুরে আ.লীগের ওয়ার্ড কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ডে আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়েছে। শনিবার বিকালে বলিয়ারপুর গ্রামে আয়োজিত ইউনিয়ন আওয়ামী লীগের আলোচনা সভায় কমিটির অনুমোদন দেয়া হয়। ইউনিয়ন আওয়ামী লীগের আব্দুস সালাম কে সভাপতি ও রফিকুল ইসলাম কে সাধারণ সম্পাদক করে ৫১ সদস্য বিশিষ্ট এই ওয়ার্ড কমিটির অনুমোদন দেন।

৮নম্বর ওয়ার্ড (বলিয়ারপুর পশ্চিমপাড়া) আওয়ামী লীগের সভাপতি আনারুল ইসলাম ও আঃ সাত্তারকে সাধারণ সম্পাদক মনোনীত করে ৫১ সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদন দেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল। প্রধান বক্তা জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, জেলা পরিষদ সদস্য রফিকুল ইসলাম, আলাউদ্দীন মন্ডল, সাবেক ইউপি সদস্য ও ইউনিয়ন আ.লীগের সহসভাপতি আসাদুজ্জামান উপস্থিত ছিলেন ।

আরো উপস্থিত ছিলেন থানা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোজাম্মেল হক ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ওয়াসীম হোসেন

স্বপন সহ আওয়ামীলীগের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

হাসপাতালে ভর্তি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম

হৃদরোগ জনিত কারণে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে ভর্তি আছেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম বিশ্বাস।

শনিবার সকাল ৭ টার দিকে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের ভর্তি করা হয় বলে জানান তার ছেলে ইসতিয়াক আহমেদ শিমুল।

তার পরিবারের সদস্যরা বলেন, সকাল ৬ টা ৩০ মিনিটের দিকে হৃদরোগজনিত কারণে অসুস্থ হয়ে যাওয়ায় আমরা দেরি না করে তাকে ৭ টার সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসি। এখন তিনি মোটামুটি আগের থেকে ভালো আছেন।

দামুড়হুদা ডায়াবেটিক সমিতির উদ্যোগে ফ্রি চিকিৎসাসেবা প্রদান

দামুড়হুদা ডায়াবেটিক সমিতির উদ্যোগে ফ্রি ডায়াবেটিস রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। শনিবার দামুড়হুদা ডায়াবেটিক সমিতির আয়োজনে এবং নিপ্রো জেএমআই, ইবনে সিনা, ইনসেপটা ফার্মা ও বেক্সিমকো ফার্মা এর সহযোগীতায় বিনামূল্যে দামুড়হুদা বাসস্ট্যান্ড সংলগ্ন সমিতির কার্যালয়ে ডায়াবেটিস রোগ নির্ণয় ও

ফ্রি চিকিৎসাসেবা প্রদান করা হয়।

শনিবার সকাল ৮ টা থেকে ১২ টা পর্যন্ত বিভিন্ন শ্রেণীপেশার মানুষদের বিনামূল্যে ডায়াবেটিস রোগ নির্ণয় ও ফ্রি চিকিৎসাসেবা প্রদান করেন ডা: মোঃ আব্দুল গাফফার।

এসময় উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক মোঃ ফজলুর রহমান প্রশাসনিক কর্মকর্তা মোঃ ফিরোজ আল মামুন সহ হাসপাতালের কর্মচারীবৃন্দ।

ঝিনাইদহে মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশনের ১ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে শুক্রবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বেরা করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্ক মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ইসমাইল হোসেন’র সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন বেস্ট টেলিকমের সিও আব্দুল গণি পাটোয়ারি, ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, ঝিনাইদহে মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশন জেলা শাখার সহ-সভাপতি এম ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দীন, যুগ্মসাধারণ সম্পাদক মাসুম, সাংগঠনিক সম্পাদক তৌহিদ ইসলাম প্রমুখ ভাই কার্যকর সদস্য তাপস কুণ্ডু।

সেসময় বক্তারা, মোবাইল সার্ভিসিং করতে আসা গ্রাহকদের সাথে সদাচারণের মাধ্যমে সেবা দিতে সকল সদস্যদের প্রতি আহ্বান জানান। পরিশেষে বনভোজন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানটি সমাপ্ত করা হয়।

খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার দাবীতে বিক্ষোভ ও প্রতিবাদ

বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবীতে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে জেলা বিএনপি’র পৌর ঈদগাহ পাড়াস্থ কার্যালয়ে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা যুবদলের সহ সাধারণ-সম্পাদক শেখ হুজাইফা ডিকলিয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক প্রভাষক ফয়েজ মোহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন, জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

সমাবেশে বক্তারা বলেন, তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বিএনপি’র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়া গুরুতর অবস্থায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারী সাজানো মামলায় মাধ্যমে দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে কারাবন্দী করা হয়। তাঁকে যখন কারাগারে দেখা হয় তখন তিনি সুস্থ ছিলেন।

দীর্ঘ কারাবাসে তিনি ক্রমান্বয়ে অসুস্থ হতে থাকেন। কিন্তু সরকারের অমানবিক সিদ্ধান্তে জীবন-মরণের সন্ধিক্ষণে থাকা বেগম খালেদা জিয়াকে বিদেশে সুচিকিৎসার সুযোগ না দিয়ে তাকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হচ্ছে। আজকে দেশের জনসাধারণ দেশনেত্রীর মুক্তি এবং বিদেশে চিকিৎসার দাবিতে সোচ্চার।

খালেদা জিয়ার সুচিকিৎসার জন্য তাঁকে অবিলম্বে বিদেশ পাঠানো না হলে এবং এর ফলে কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটলে সরকার এর দায় এড়াতে পারবে না। জনগণের অবিসংবাদিত নেত্রী বেগম জিয়ার প্রতি অমানবিক আচরণ করছে সরকার। এই মূহুর্তে মানবিক বিবেচনায় বেগম জিয়াকে মুক্তি এবং তাকে উন্নত চিকিৎসার জন্য অবিলম্বে বিদেশ পাঠাতে

সরকারের প্রতি আহবান জানান বক্তারা।

এসময় মুজিবনগর উপজেলা বিএনপি নেতা সিরাজুল ইসলাম, ইউনুস আলী, জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, খাইরুল ইসলাম, যুবদল নেতা ইসমাইল, নায়েম, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহাবুব সানি, যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, সহ-সাংগঠনিক সম্পাদক লিটন, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা ইয়াসিন কুতুবপুর ইউনিয়ন ছাত্রদল নেতা স্বপনসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জোরপূর্বক জমি দখল, হামলা, টাকা ছিনতাইঃ রক্তাক্ত জখম ১

দামুড়হুদা উপজেলার নাস্তিপুর গ্রামে সৎ ভায়ের জমি দখল, সশস্ত্র হামলা, মারপিট, টাকা ছিনতাই সহ নারীর শ্লীলতাহানির চেষ্টার ঘটনায় ১ জনকে রক্তাক্ত জখমের ঘটনা ঘটেছে।

জানাগেছে, বৃহস্পতিবার সকাল ৭ টার দিকে দামুড়হুদা উপজেলার নাস্তিপুর গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে জিয়ার (৪৭) জিয়ারের ছেলে শিপন (২৬) ও স্বপন (২৪), মৃত চাঁদ আলীর ছেলে রফিকুল (৫৫) ও তার ছেলে উজ্জল (২৮) ও চন্চল (২৫), মৃত চাঁদ আলীর ছেলে ফটিক (৫২) ও ফটিকের ভগ্নীপতি (ঘরজামাই) দবির (৫৮) পিতা মৃত আবের আলী দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে সৎ পক্ষ লিটন (৪২) এর বাড়িতে জোরপূর্বক প্রবেশকরে এলোপাথারী মারপিট করে, এসময় লিটনের স্ত্রী জেসমিন বাঁধা দিতে গেলে তাকে বিবস্ত্র করে শ্লীলতাহানির চেষ্টা চালাই।

তারা দলবদ্ধ ভাবে ও পূর্ব পরিকল্পনা অনুযায়ী লিটনের ঘরে থাকা ২,২০০০০/-(দুই লক্ষ বিশ হাজার টাকা) ছিনতাই সহ জেসমিনের গলায় থাকা স্বর্ণের চেইন নিয়ে চম্পটদেয়। এসময় রক্তাক্ত জখম লিটনকে প্রতিবেশীরা উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

বিষয়টি নিয়ে সরজোমিন নাস্তিপুর গ্রামে গেলে নাম প্রকাশ না করার শর্তে প্রতিবেশী অনেকেই দাবী করেন আহত লিটন খুবই নিরীহ প্রকৃতির মানুষ, চাষাবাদ সহ গরুর ব্যবসা করেন। অপরদিকে তাঁর সৎ ভাইয়ের পরিবারে লোকজন খুব ভয়ংকর প্রকৃতির মানুষ, তাদের আচার-আচরণ খুবই কর্কশ।

এদিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আহত লিটনের স্ত্রী জেসমিনের সাথে কথা বললে তিনি জানান, আমার স্বামীকে দলবদ্ধ ভাবে খুবই মারপিট করেছে, আমাকে বিবস্ত্র করে শ্লীলতাহানির চেষ্টা চালালে প্রতিবেশীদের সহযোগিতায় আমার মানসম্মান রক্ষা পেলেও আমার গলার স্বর্ণের চেইন, ঘরে থাকা গরুর ব্যবসার উল্লেখিত নগদ টাক তারা ছিনতাই করে নিয়েছে, আমি এখন অসহায় ওরা আবারো আমাদের উপর হামলা করবে।

জেসমিন আরো বলেন আমার স্বামী লিটনের সারা শরীরের আঘাতের চিহ্ন, শরীর দিয়ে রক্ত ঝরছে, বাঁ হাত ভেঙে দিয়েছে, ওরা আমার স্বামীকে হত্যা করতে চেয়ছিলো, আমরা থানায় মামলা করবো, আমরা প্রশাসনের সহযোগিতা চাই।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত ডাক্তার জানান, আহত লিটনের শরীরে বিভিন্ন জায়গায় রক্তাক্ত আঘাতের চিহ্ন আছে, এ-ক্সরে রিপোর্ট পেলেই সঠিকটা জানাযাবে।

এব্যাপারে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোঃ লুৎফুল কবীর বলেন, বিষয়টি আমি শুনেছি, আমরা লিখিত অভিযোগ পেলেই সঠিক তদন্তের মাধ্যমে দোষীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবসে

মানববন্ধন

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে মানববন্ধন কর্মসুচী পালিত হয়েছে। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ শহরের পায়রা চত্ত্বরে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে ঝিনাইদহ জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের নিলুফার রহমান, জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক সাইদুল করিম মিন্টু, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক অবসরপ্রাপ্ত উপাধ্যক্ষ এনএম শাহজালাল, নারিকেলবাড়ীয়া আমেনা খাতুন ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আমিনুর রহমান টুকু ও ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর শরিফা খাতুন উপস্থিত ছিলেন। এছাড়া বে-সরকারী উন্নয়ন ◌ংস্থার উপস্থিত সংগঠনের প্রতিনিধিগণ হিসেবে উপস্থিত ছিলেন এইড, ব্র্যাক, শিশু নিলয় ফাউণ্ডেশন, সিও, ডাস, মানবাধিকার বাস্তবায়ন সংস্থা ও সিবিও সংগঠন মানবাধিকার নাট্য পরিষদ, মানবাধিকার নারী দল, মানবাধিকার সুরক্ষা।

এসময় বক্তারা বলেন নারীর উপর যৌন নিপীড়নকে অপেক্ষাকৃত কম ভয়াবহ মনে করে একে উপেক্ষা না করা, এর বিরুদ্ধে অনমনীয় ও জোরালো সামাজিক অবস্থান নির্মাণ করা ,নারীর উপর যৌন নিপীড়ন প্রতিরোধ ও প্রতিকার করতে প্রচলিত আইনের সংস্কার ও যুগোপযোগী করা এবং দ্রুত বাস্তবায়ন করা, নারীর উপর সহিংসতা, যৌন নিপীড়ন ও ধর্ষণ সংক্রান্ত সকল আইন বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ ও প্রতিবন্ধকতা সমূহ দূর করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা, যৌন নিপীড়ন প্রতিরোধে সকলকে সম্মিলিতভাবে লড়াই করতে হবে, ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে হবে।

মানববন্ধন শেষে নারী ও শিশুর উপর ধর্ষণ ও যৌন সহিংসতা আশঙ্কাজনক হারে বৃদ্ধি ও ন্যায়বিচার না হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট জেলা প্রশাসকের মাধ্যমে স্মারকলিপি পেশ করে।

বিএন কলেজের শিক্ষার্থীদের মানববন্ধন

গাংনী উপজেলার ভাটপাড়া (বিএন) কলেজের ২০২১ সালের অনুষ্ঠিতব্য উচ্ছ মাধ্যমিক পরীক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ডে বিষয় পরিবর্তনের দাবীতে মানববন্ধন করেছেন কলেজের পরীক্ষার্থীরা।

মঙ্গলবার বেলা ১২ টার দিকে গাংনী উপজেলা পরিষদের কেন্দ্রীয় শহীদ মিনার পাদদেশে এ মানববন্ধন করেন তারা।

মানববন্ধনে বক্তব্য রাখেন, উচ্ছ মাধ্যমিক পরীক্ষার্থী শৌরভ হোসেন, সাকিব খান, ইভা খাতুন, মনিয়া খাতুন প্রমুখ। সংক্ষিপ্ত বক্তব্যে এসব শিক্ষার্থীরা জানান, আমরা সারা বছর পড়েছি আমাদের মুল বিষয় ইসলাম শিক্ষা। অথচ, আগাামী মাসের ২ তারিখে অনুষ্ঠিতব্য উচ্ছ মাধ্যমিক পরীক্ষায় আমাদের পরীক্ষা দিতে হবে ভূগোল বিষয়ে। ভূগোল আমাদের চতুর্থ বিষয়। অথচ, এটাকে আমাদের মুল বিষয় হিসেবে পরীক্ষায় অংশ নেওয়ার জন্য প্রবেশ পত্রে নাম এসেছে। আমাদের দাবী মুল বিষয় ইসলাম শিক্ষায় আমাদের পরীক্ষা নেওয়া হোক।

এসব শিক্ষার্থীরা আরও জানান, বিএন কলেজের শিক্ষকদের মধ্যে রেশারেশির কারনে কলেজের অধ্যক্ষ আফম আলিমুজ্জামান জয়েল ইচ্ছাকৃতভাবে এই ভুল করেছেন। আমাদের দাবী ইসলাম শিক্ষা বিষয়ে আমাদের পরীক্ষা নেওয়া হোক।